# নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

**বেগমগঞ্জ, নোয়াখালী।**

ই-মেইলঃ gm.noa.pbs@gmail.com, ওয়েব সাইট: www. pbs.noakhali.gov.bd

স্মারক নং- ২৭.১২.৭৫০৭.৫৩১.০১.০৩৮.২৬. ৫৩৫২

তারিখঃ ১৮ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

## উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির কমন সার্ভিস স্টোরের কনডেম অনুমোদিত ছকে উল্লেখিত মালামালসমূহ (যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায়) নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাড/ স্বহস্তে লিখিত সাদা কাগজে দরপত্র বিজ্ঞপ্তি এবং দরপত্র দলিলে উল্লেখিত শর্তে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| দরপত্র প্যাকেজ নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ (যেখানে যে অবস্থায় আছে সেঁ অবস্থায়) | পরিমান (কেজি/ টি) | নিলাম দরপত্রের জামানত (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র দাখিল ও খোলার সময় সূচী | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | দাখিল | খোলা |
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৭ | ৮ |
| ০৪/২০২৬-২৭ | মোটর সাইকেল, জীপ ও পিকআপ গাড়ীর ব্যবহার অযোগ্য যন্ত্রাংশ, পানির লাইনের নষ্ট জিআই পাইপ, জানালার ফ্রেম, স্টীলের আলমারী ও স্টীলের ফাইল কেবিনেটের ভাঙ্গা অংশ ( লৌহ জাতীয়) | ৯৮০ কেজি | দাখিলকৃত দরের ২৫% | ০৫/১১/২০২৬ খ্রিঃ তারিখ হতে ১৮/১১/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ১৯/১১/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা। | ১৯/১১/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১২:০৫ ঘটিকা। |
| | জীপ ও পিকআপ গাড়ির টায়ার | ৩০ টি | | | | |
| | মোটর সাইকেলের টায়ার | ৫৫ টি | | | | |
| | মোটর সাইকেলের ব্যাটারী | ৩৭ | | | | |
| | জীপ/ পিকআপ গাড়ীর ব্যাটারী | ০৬ টি | | | | |
| | কাঠের চৌকাঠ ও দরজার পাল্লার ভাঙ্গা অংশ (কাঠ জাতীয়) | ৫৫ কেজি | | | | |

শর্তাবলীঃ

০১. আগ্রহী দরদাতাগনকে নোয়াখালী পবিসের অনুকূলে অফেরতযোগ্য ৫০০/- টাকা যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট জমা দিয়ে দরপত্র দলিল সংগ্রহ করতে হবে।

০২. দরদাতাগন ০৫/১১/২০২৬ খ্রিঃ তারিখ হতে ১৮/১১/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।

০৩. নিলাম দরপত্র আগামী ১৯/১১/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১২:০৫ ঘটিকায় দরদাতা গণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৪. উক্ত নিলামে অংশ গ্রহণে আগ্রহীগণ আগামী ১৮/১১/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে (৯.০০ ঘটিকা হতে ১৬.০০ ঘটিকা পর্যন্ত) নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে উপরে বর্ণিত মালামাল সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

০৫. খামের উপর "কমন সার্ভিস স্টোরের মালামাল নিলাম দরপত্র" কথাটি উল্লেখ করতে হবে। অত্র প্রতিষ্ঠান কর্তৃক ধার্যকৃত মোট সর্বনিম্ন নিলাম দরের নীচে কোন দর বিবেচনা করা হবে না।

০৬. দরপত্রের সাথে ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স (সত্যায়িত), টিন সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ সংযুক্ত করতে হবে।

০৭. নিলামে অংশ গ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ রেসপনসিভ দরদাতা নিলামকৃত মালামাল পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০৮. দরপত্র বাছাই/মূল্যায়ন কালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

০৯. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কে বর্ণিত মালামাল "যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায়" ভিত্তিতে কমিটির সদস্যগণের উপস্থিতিতে গ্রহণ করতে হবে।

১০. নিলামে উদ্বৃত দরের ২৫% হারে দরপত্র জামানত (ফেরত যোগ্য) নোয়াখালী পল্লীবিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বিবেচনা করা হবে না।

১১ কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং দাখিলকৃত দরের উপর সরকার নির্ধারিত হারে ভ্যাট ও উৎস কর নগদ অথবা ব্যাংক ড্রাফ্ট আকারে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালীর অনুকূলে পরিশোধ করে যানবাহন ডেলিভারী গ্রহণ করতে হবে। অন্যথায় কোন কারণ দর্শানো ছাড়াই দরপত্রে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।

১২. কৃতকার্য দরদাতা প্রতিষ্ঠানকে নিলামকৃত মালামাল পবিস কর্তৃপক্ষের সাথে আলোচনা পূর্বক ডেলিভারী নিতে হবে। মালামাল গ্রহণের সময় কোন প্রকার ওজর-আপত্তি করা যাবে না।

১৩. বিক্রয়াদেশ প্রাপ্ত দরদাতাকে সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত দরের উপর ভ্যাট ও উৎস কর প্রদান করতে হবে।

১৪. কোন কারণ দর্শানো ছাড়াই সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫. শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মকবুল আলম)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থা পরিচালন (দঃঅঃ)পরিদপ্তর , বাপবিবো, ঢাকা
০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সবিনয় অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নোয়াখালী।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
০৫। প্রশাসক, চৌমুহনী পৌরসভা, বেগমগঞ্জ, নোয়াখালী।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .....পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, নোয়াখালী।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, নোয়াখালী।
০৯। উপজেলা নির্বাহী অফিসার,.....বেগমগঞ্জ, নোয়াখালী।
১০। ডিজিএম (সদর-কারিগরী)/চাটখিল/ সোনাইমুড়ী/সেনবাগ/কোম্পানীগঞ্জ/কবিরহাট/সোনাপুর/ সূবর্নচর/আমিনবাজার জোনাল অফিস, নোয়াখালী পবিস।
১১। এজিএম (ওএন্ডএম), নয়নপুর সাব-জোনাল অফিস,নোয়াখালী পবিস।
১২। এজিএম (অর্থ/আইটি),নোয়াখালী পবিস [এজিএম (আইটি) ওয়েব সাইডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন]।
১৩। মেসার্স .....।
১৪। নোটিশ বোর্ড, নোয়াখালী পবিস।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

(মকবুল আলম)
জেনারেল ম্যানেজার